

শৈক্ষিক ফলাফল

তারিখ
পৃষ্ঠা ১ কলাম ৬

SEP 19 2002

পরীক্ষার ফল গ্রহণকালে প্রধানমন্ত্রী

অসদুপায় অবলম্বন সম্পূর্ণ বন্ধ করতে হবে

বাসস ও ইউএনবিঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কুল-কলেজের পরীক্ষাসমূহে ব্যাপক হারে নকলপ্রবণতা কমে আসায় সন্তোষ প্রকাশ করে পাবলিক পরীক্ষাসমূহকে নকলমুক্ত করার জন্য আরো বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের জন্য কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। দেশের ৯টি শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি-আলিম-ফায়িল-কামিল ও বাণিজ্য ব্যবস্থাপনা পরীক্ষাসমূহের ফল প্রকাশের রিপোর্ট গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছে প্রদানের সময় তিনি ৫-এর পূঃ ৮-এর কঃ দেখুন

প্রধানমন্ত্রী প্রথম পৃষ্ঠার শঃ

এই নির্দেশ দেন। ঢাকা, কুমিল্লা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট শিক্ষাবোর্ড, মাদ্রাসা শিক্ষাবোর্ড ও কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যানগণ পৃথকভাবে ফলাফলের রিপোর্ট হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার অনুকূল পরিবেশ পুনঃ প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট সকলেই এগিয়ে আসবেন। তিনি বলেন, শিক্ষকদেরকে যোগ্যতা ও দক্ষতা বাড়াতে হবে এবং তাদের ছাত্র-ছাত্রীদের মানসম্মত শিক্ষা প্রদান করতে হবে। শিক্ষামন্ত্রী ডক্টর ওসমান ফারুক এ বছরের ফলাফল সম্পর্কে তার মন্তব্য বলেন, এই পরীক্ষায় ঢাকার বাইরের ছাত্র-ছাত্রীদের রেজাল্ট ভাল। এতে ছেলেদের চেয়ে মেয়ে পরীক্ষার্থীরা ভাল করেছে। ডক্টর ফারুক বলেন, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিকু ও শিক্ষা সচিব শহীদুল আলম এ সময় উপস্থিত ছিলেন।